# শিক্ষা বিভাগ সমীপে

কিছুদিন পূর্বে মাননীয় মহাপরিচালক সাহেবের সংবাদপত্রে প্রদত্ত এক বিজ্ঞপ্তি মারফত কিছুসংখ্যক সহকারী থানা শিক্ষা অফিসার পদে নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়। আবেদনপত্র নিজ নিজ জেলা বিদ্যালয় পরিদর্শকের নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়। সেই মোতাবেক বি,এ,সি-ইন-এড পাস বেশ কিছু শিক্ষক আবেদনপত্র জমা দেন। কিন্তু যে সকল চাকুরীরত শিক্ষক ডাকযোগে তাঁহাদের আবেদনপত্র পাঠাইয়াছিলেন তাঁহাদের অনেকের আবেদনপত্র আদৌ জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে পৌছে নাই। যাহার ফলে তাঁহারা ইন্টারভিউতেও হাজির হইতে পারেন নাই। ডাক বিভাগের এই খামখেয়ালীর ফলে বি, এ, সি-ইন-এড, যোগ্যতা থাকা সত্ত্বেও অনেকে সহকারী থানা শিক্ষা অফিসার পদে যোগদান করিতে পারিলেন না। তাঁহারা তাঁহাদের বহু আকাংক্ষিত সহকারী থানা শিক্ষা অফিসারের চাকুরী হইতে বঞ্চিত হইলেন।

মাননীয় মহাপরিচালক সাহেবের নিকট আবেদন, যাঁহারা ইচ্ছা থাকা সত্ত্বেও উক্ত চাকুরী হইতে বঞ্চিত হইয়াছেন তাঁহাদের পুনরায় আবেদন করার সুযোগদানের ব্যবস্থা করা হউক।

—কে, এম, ঈসা, প্রধান শিক্ষক, টাউন সরকারী প্রাথমিক বিদ্যালয়, বগুড়া।